দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 13 MAY 2015 ...
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৪ ......

# মাদ্রাসার ছয় শিক্ষক সাময়িক বহিষ্কার

■ শ্যামনগর (সাতক্ষীরা) সংবাদদাতা

সাতক্ষীরার শ্যামনগরে নাশকতা মামলায় মাদ্রাসার ছয় শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। ২০১৩ সালে সরকার পতনের আন্দোলনে তাঁদের বিরুদ্ধে নাশকতা ও সহিংসতায় জড়িত থাকার অভিযোগে মামলা ছিল।

সম্প্রতি ওই মামলায় পুলিশ অভিযুক্তদের বিরুদ্ধে চার্জশীট প্রদান করায় মাদ্রাসার অধ্যক্ষসহ ছয় শিক্ষককে সাময়িকভাবে বহিষ্কার করা হয়। বহিষ্কার হওয়া শিক্ষকরা হলেন, মাদ্রাসার অধ্যক্ষ মাওঃ অহিদুজ্জামান, আরবি প্রভাষক মাওঃ আবু বক্কার সিদ্দীক, আরবি প্রভাষক মাওঃ আব্দুর রউফ, কম্পিউটার শিক্ষক মোঃ নয়নুদ্দীন, সহকারী শিক্ষক মৌলভী মাহবুবুর রহমান ও জুনিয়র মৌলভী আব্দুল লতিফ।

বিড়ালক্ষী মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি গাজী কামরুল ইসলাম জানান, সহিংসতা ও নাশকতা মামলায় জড়িত থাকায় ম্যানেজিং কমিটির মিটিংয়ে সিদ্ধান্ত অনুযায়ী সর্বসম্মতিক্রমে ছয় শিক্ষককে সাময়িকভাবে বহিষ্কার করা হয়।